সমকাল

তারিখ 20 DEC 2015
পৃষ্ঠা 4 কলাম 6

নার্সিং শিক্ষা সার্ভিস

# সংকট নিরসনে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা

■ সমকাল প্রতিবেদক

নার্সিং শিক্ষা সার্ভিসে সৃষ্ট সংকট নিরসনে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ চেয়েছেন নার্সরা।

গতকাল শনিবার কেন্দ্রীয় শহীদ মিনারে নার্সিং কলেজ টিচার্স অ্যাসোসিয়েশন আয়োজিত মানববন্ধন-পরবর্তী সমাবেশে বক্তারা বলেন, প্রধানমন্ত্রী ২০১১ সালে নার্সদের দ্বিতীয় শ্রেণীর মর্যাদা দেওয়ার আগে উচ্চতর পদসমূহ প্রথম শ্রেণীতে উন্নীতকরণ এবং যেসব নার্স ওই পদে কর্মরত ছিলেন তাদের প্রথম শ্রেণীতে নিয়মিতকরণের নির্দেশ দেন। কিন্তু চলতি বছরের ৪ মে স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে জারিকৃত আদেশে সমস্কেল সাতটি পদ বাদ দিয়ে কেবলমাত্র দুটি পদকে প্রথম শ্রেণীভুক্ত করা হয়। এ বৈষম্যের ফলে নার্সিং শিক্ষা ও প্রশাসনের ক্ষেত্রে সংকট ও জটিলতা সৃষ্টি হয়। বিষয়টি নিয়ে অসন্তোষ প্রকাশ করে স্বাস্থ্যমন্ত্রী ও সচিবের কাছে স্মারকলিপি দেন নার্সরা।

সমাবেশে সংগঠনের সভাপতি কোহিনূর বেগমের সভাপতিত্বে মহাসচিব গুলশান আরা বিশ্বাসসহ কয়েকশ নার্স অংশ নেন।